দৈনিক জনকণ্ঠ
তারিখ ০৪ MAY 2008
পৃষ্ঠা ১২ কলাম ২

# প্রাইভেট ভার্সিটির শিক্ষার মানোন্নয়নে সরকারকে শিল্পের মতো তহবিল যোগাতে হবে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম বলেছেন, দক্ষ মানব সম্পদ গড়তে প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষার উন্নয়নের জন্য সরকারকে সুযোগসুবিধা প্রদান করতে হবে। তিনি প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোসহ অন্যান্য সুযোগ-সুবিধা বাড়াতে সরকারের কাছে এক হাজার কোটি টাকা চেয়েছেন। তিনি বলেন, শিল্প খাতের উন্নয়নের জন্য সরকার যেভাবে জমি টাকাসহ বিভিন্নভাবে সহায়তা করছে, ঠিক সে রকম প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোতে আরও ভাল শিক্ষার মান নিশ্চিত করতে বড় ধরনের তহবিল প্রয়োজন। শনিবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে এক সেমিনারে তিনি এ কথা বলেন। উক্ত শিক্ষার ক্ষেত্রে হারানো ঐতিহ্য পুনর্প্রতিষ্ঠার জন্য তিনি রাজনীতির উর্ধে উঠে পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে সুশাসন প্রতিষ্ঠার পরামর্শ দেন। প্রাইভেট বিশ্ববিদ্যালয় প্রসঙ্গে তিনি বলেন, কমিশন প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিশেষত তাদের স্ট্যান্ডার্ড বেতন নিশ্চিত করতে একটি নীতিমালা প্রস্তুত করা হয়েছে। এ ছাড়া ছাত্রদের বেতনের পরিমাণ বাস্তবসম্মত করতে কাজ করছে। দেশের ৫১টি প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের মধ্যে ৪২টিই ঢাকার মধ্যে উল্লেখ করে তিনি বলেন, আমরা চাই ঢাকার বাইরেও প্রাইভেট বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হোক। পাবলিক-প্রাইভেট সবক্ষেত্রে শিক্ষকদের বেতন ভাতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, মেধা পাচার রোধ করতে বিশ্ববিদ্যালয় শিক্ষক ও গবেষকদের বেতন ভাতা বাড়ানো প্রয়োজন। এতে

## সেমিনারে মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান

শিক্ষকরা শিক্ষার মান উন্নয়নে নিজেদের পূর্ণরূপে সমর্পণ করবেন।

সেমিনারে রাষ্ট্রপতির সামরিক সচিব মেজর জেনারেল এম আমিনুল করিম এবং প্রাইমেশিয়া বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক আ ন ম মেশকাত উদ্দীন পৃথক দু'টি প্রবন্ধ উপস্থাপন করেন। এ ছাড়া ইস্টার্ন ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক রহিম আর তালুকদারের পরিচালনায় ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা উপাচার্য অধ্যাপক মোহাম্মদ ফরাসউদ্দীন বক্তব্য রাখেন।